পাঠ ২৪

# সবাই মিলে কাজ করি





## পাঠের মূলকথা

মহানবি হজরত মুহম্মদ (স)-এর মদিনা জীবনের একটি ঘটনা। মহানবি (স) খবর পেলেন, শত্রুরা মদিনায় হামলা করবে। তাই তিনি সবাইকে ডেকে শহরের চারপাশ খনন করতে বললেন। অনেকেই বলল, এ কাজে অনেক সময় লাগবে। তিনি বললেন, সবাই মিলে কাজ করতে হবে। দশজন দশজন করে দল গঠন করে, কোন দল কোথায়, কতটুকু মাটি কাটবে ঠিক করে দেওয়া হলো। এমন সময় মহানবি (স) দেখলেন, একটি দলে নয়জন কাজ করছে। তিনি নিজে সেই দলে গিয়ে মাটির ঝুড়ি মাথায় তুলে নিলেন। কয়েক দিনের মধ্যেই পরিখা খনন শেষ হলো। সুতরাং আমরা বুঝলাম, একসাথে কাজ করলে বড়ো বড়ো কাজও সহজ হয়।

## শ্রেণিভিত্তিক অর্জনোপযোগী যোগ্যতা

পাঠ অনুশীলনের মধ্য দিয়ে আমি যে যোগ্যতা অর্জন করব—

- প্রমিত উচ্চারণে বলা যুক্তবর্ণে গঠিত পরিচিত শব্দ ও বাক্য মনোযোগ সহকারে শুনে শনাক্ত করতে পারা।
- ছবি/চিত্র বা ছক দেখে বর্ণনামূলক ও তথ্যমূলক রচনার পাঠ শুনে বুঝতে পারা ও সংশ্লিষ্ট সহজ প্রশ্ন বুঝতে পারা।
- পরিচিত শব্দ (যুক্তবর্ণযুক্ত বা যুক্তবর্ণহীন), বাক্য স্পষ্ট স্বরে শুদ্ধভাবে বলতে পারা।
- ছবি বা চিত্র দেখে বর্ণনামূলক, তথ্যমূলক ইত্যাদি রচনার বিষয় বুঝে বলতে পারা।
- কারচিহ্নযুক্ত শব্দ, যুক্তবর্ণ ও ফলাযুক্ত বর্ণে গঠিত পরিচিত শব্দ স্পষ্ট শুদ্ধ উচ্চারণে পড়ে বুঝতে পারা।
- বাক্য ও সহজ অনুচ্ছেদ (বিরামচিহ্ন— দাঁড়ি, কমা ও প্রশ্নবোধক চিহ্ন অনুসারে) প্রমিত উচ্চারণে পড়ে বুঝতে পারা।
- চিত্র ও ছক সংবলিত বর্ণনা, তথ্যমূলক রচনা পড়ে বিষয় বুঝতে পারা।
- যুক্তবর্ণ, নির্বাচিত ফলাচিহ্নযোগে গঠিত শব্দ স্পষ্ট ও সঠিকভাবে লিখতে পারা।
- বিরামচিহ্ন (দাঁড়ি, কমা ও প্রশ্নবোধক) ব্যবহার করে স্পষ্টভাবে সঠিক বানানে বাক্য এবং শ্রুতলিপি লিখতে পারা।

## পাঠের শিখনফল

১.২.১ যুক্তবর্ণযোগে গঠিত শব্দ শনাক্ত করতে পারব।
১.২.২ বাক্য শুনে শব্দ শনাক্ত করতে পারব।
৩.১.৪ ছবি বা চিত্র দেখে/বর্ণনা শুনে বিষয়-সংশ্লিষ্ট প্রশ্নের উত্তর দিতে পারব।
৫.১.১ শব্দে ব্যবহৃত যুক্তবর্ণের ধ্বনি বলতে পারব।
৫.২.২ স্পষ্ট ও শুদ্ধভাবে বাক্য বলতে পারব।
১১.১.২ বর্ণনামূলক রচনা পড়ে সহজ প্রশ্নের উত্তর দিতে পারব।
১৩.১.৩ পাঠের যুক্তব্যঞ্জন বর্ণ ভেঙে লিখতে পারব।

**বানান সতর্কতা** নিচের শব্দগুলোর সঠিক বানান জেনে নিই–

| | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| মহানবি | হজরত | মুহম্মদ | শত্রু | পরিখা | খোঁড়া | খুঁড়তে | শুরু | আক্রমণ | সপ্তাহ |
| শ্রেণিকক্ষ | পরিচ্ছন্ন | গড়া | ঝুড়ি | | | | | | |



# ধারাবাহিক মূল্যায়ন

পাঠ্যবই ও শিক্ষক সহায়িকার সূত্র সংবলিত

প্রিয় শিক্ষার্থী বন্ধুরা, এ পাঠে তোমাদের শিখনযোগ্যতা কতটা অর্জিত হয়েছে তা যাচাইয়ের জন্য পাঠ্যবইয়ের অ্যাক্টিভিটি ও নমুনা প্রশ্নোত্তর এখানে দেওয়া হলো। তথ্যসূত্র সংবলিত পাঠগুলো তোমাদের ধারাবাহিক/ শ্রেণিকক্ষভিত্তিক মূল্যায়নে সহায়ক ভূমিকা পালন করবে।

## পাঠ্যবইয়ের অনুশীলনীর প্রশ্ন ও উত্তর — চলো, পারি কি না দেখি

### ১ শব্দ শিখি

▸ পাঠ্যবই, পৃষ্ঠা ৫৫

মদিনা, হামলা, পরিখা।

উত্তর : **মদিনা**– আরবের একটি শহর।

**হামলা**– আক্রমণ।

**পরিখা**– চারদিকে খোঁড়া গর্ত।

### ২ বিরামচিহ্ন বসাই

▸ পাঠ্যবই, পৃষ্ঠা ৫৫

বহু দিন আগের কথা [ ]

সবাই বলল [ ] আপনি কেন এ কাজ করবেন [ ]

সবাই বুঝল [ ] একসাথে করলে কাজ সহজ হয় [ ]

উত্তর :

বহু দিন আগের কথা [।]

সবাই বলল [,] আপনি কেন এ কাজ করবেন [?]

সবাই বুঝল [,] একসাথে করলে কাজ সহজ হয় [।]

### ৩ সবাই মিলে করি

▸ পাঠ্যবই, পৃষ্ঠা ৫৫

সপ্তাহে একদিন সবাই মিলে শ্রেণিকক্ষ পরিচ্ছন্ন করি।

**উত্তর** : শিক্ষকের সহায়তায় নিজেরা কর।

## মূল্যায়ন নির্দেশনা অনুসরণে বিশেষ পাঠ — সেরা প্রস্তুতির জন্য শিখে নিই

**শোনা** — শিক্ষকের নিকট শুনে লিখি

**প্রশ্ন ১. নিচের শব্দগুলোর অর্থ লেখ।**

কঠিন, মাটি, মাথা। ▸ শিক্ষক সহায়িকা, পৃষ্ঠা ১৯৪

উত্তর : **কঠিন**– শক্ত, দৃঢ়, অনমনীয়।

**মাটি**– মৃত্তিকা, ভূতল।

**মাথা**– মস্তক, শির।

**প্রশ্ন ২. নিচের শব্দগুলো দিয়ে বাক্য রচনা কর।**

| শব্দ | বাক্য |
|---|---|
| কঠিন | |
| মাটি | |
| মাথা | |

▸ শিক্ষক সহায়িকা, পৃষ্ঠা ১৯৪

উত্তর :

| শব্দ | বাক্য |
|---|---|
| কঠিন | একসাথে কাজ করলে কোনো কাজই কঠিন নয়। |
| মাটি | মহানবির কথায় সবাই মাটি কাটতে শুরু করেছিল। |
| মাথা | নবিজি (স.) নিজের মাথায় মাটির ঝুড়ি তুলে নিলেন। |

**প্রশ্ন ৩. প্রদত্ত অনুচ্ছেদটি পড়ে নিচের প্রশ্নগুলোর উত্তর দাও।**

বহু দিন আগের কথা। মহানবি হজরত মুহম্মদ (স) তখন মদিনায় থাকতেন। খবর পেলেন, শত্রুরা মদিনায় হামলা করবে। তিনি সবাইকে ডাকলেন। বললেন, শহরের চারপাশে পরিখা খুঁড়তে হবে।

ক. কত দিন আগের কথা?
খ. কারা মদিনায় হামলা করবে বলে মহানবি খবর পেলেন?
গ. মহানবি (স) কাদের ডাকলেন?
ঘ. কোথায় পরিখা খুঁড়তে হবে?
ঙ. অনুচ্ছেদ থেকে যুক্তবর্ণযুক্ত ও ফলাচিহ্নযুক্ত শব্দ বের করে লেখ।

**উত্তর :**

ক. বহু দিন আগের কথা।
খ. শত্রুরা মদিনায় হামলা করবে বলে মহানবি খবর পেলেন।
গ. মহানবি (স) সবাইকে ডাকলেন।
ঘ. শহরের চারপাশে পরিখা খুঁড়তে হবে।
ঙ. যুক্তবর্ণযুক্ত শব্দ : মুহম্মদ।
ফলাচিহ্নযুক্ত শব্দ : শত্রু।

**বলা — শিক্ষকের প্রশ্নের উত্তর বলি**

**প্রশ্ন ৪. মহানবি (স) তখন কোথায় থাকতেন?**
▸ শিক্ষক সহায়িকা, পৃষ্ঠা ১৯৩

**উত্তর :** মহানবি (স) তখন মদিনায় থাকতেন।

**প্রশ্ন ৫. পরিখা কী?** ▸ শিক্ষক সহায়িকা, পৃষ্ঠা ১৯৩

**উত্তর :** চারদিকে খোঁড়া গর্ত।

**প্রশ্ন ৬. কয়জন করে দল গঠন করা হয়েছিল?**
▸ শিক্ষক সহায়িকা, পৃষ্ঠা ১৯৭

**উত্তর :** দশজন করে দল গঠন করা হয়েছিল।

**প্রশ্ন ৭. মহানবি (স) কোন দলে কাজ করেছিলেন?**
▸ শিক্ষক সহায়িকা, পৃষ্ঠা ১৯৭

**উত্তর :** একটি দলে নয়জন ছিল সেই দলে মহানবি (স) কাজ করেছিলেন।

**প্রশ্ন ৮. মহানবি কী বলেছিলেন?** ▸ শিক্ষক সহায়িকা, পৃষ্ঠা ১৯৫

**উত্তর :** সবাই মিলে কাজ করতে হবে। সবাই মিলে করলে কোনো কাজই কঠিন নয়।

**প্রশ্ন ৯. মহানবির কাছে কী খবর এসেছিল?**
▸ শিক্ষক সহায়িকা, পৃষ্ঠা ১৯৩

**উত্তর :** মহানবির কাছে খবর এসেছিল শত্রুরা মদিনায় আক্রমণ করবে।

**প্রশ্ন ১০. মহানবির অনেক সাথি কী বলেছিলেন?**
▸ শিক্ষক সহায়িকা, পৃষ্ঠা ১৯৫

**উত্তর :** মহানবির অনেক সাথি বলেছিলেন, আপনি কেন এ কাজ করছেন।

**পড়া — নিচের প্রশ্নগুলোর উত্তর দিই**

**প্রশ্ন ১১. বিরামচিহ্ন বসিয়ে অনুচ্ছেদটি পুনরায় লেখ।**

নবিজি (স) বললেন তোমরা কাজ করবে আর আমি বসে থাকব।
তিনি নিজের মাথায় মাটির ঝুড়ি তুলে নিলেন
কয়েক দিনের মধ্যে পরিখা খোঁড়া শেষ হলো সবাই বুঝল একসাথে করলে কাজ সহজ হয়। ▸ শিক্ষক সহায়িকা, পৃষ্ঠা ১৯৮

**উত্তর :** নবিজি (স) বললেন, তোমরা কাজ করবে, আর আমি বসে থাকব?
তিনি নিজের মাথায় মাটির ঝুড়ি তুলে নিলেন।
কয়েক দিনের মধ্যে পরিখা খোঁড়া শেষ হলো। সবাই বুঝল, একসাথে করলে কাজ সহজ হয়।

**লেখা — নিচের প্রশ্নগুলোর উত্তর লিখি**

**প্রশ্ন ১২. বাম পাশের শব্দগুলোর সাথে ডান পাশের শব্দগুলো মিল করে লেখ।**

| বাম পাশ | ডান পাশ |
|---|---|
| আমার মাথায় মাটির | তোমার সাথে কাজ করব। |
| তিনি বললেন, আমিও | শত্রুরা মদিনায় হামলা করবে। |
| খবর পেলেন | ঝুড়ি তুলে ধাও। |
| | কঠিন করা হলো। |

**উত্তর :**

| বাম পাশ | ডান পাশ |
|---|---|
| আমার মাথায় মাটির → ঝুড়ি তুলে ধাও। | তোমার সাথে কাজ করব। |
| তিনি বললেন, আমিও → তোমার সাথে কাজ করব। | শত্রুরা মদিনায় হামলা করবে। |
| খবর পেলেন → শত্রুরা মদিনায় হামলা করবে। | ঝুড়ি তুলে ধাও। |
| | কঠিন করা হলো। |

**প্রশ্ন ১৩. নিচের শব্দগুলো থেকে যুক্তবর্ণ ভেঙে লেখ।**

সপ্তাহ, পরিচ্ছন্ন, চিহ্ন। ▸ শিক্ষক সহায়িকা, পৃষ্ঠা ১৯১

**উত্তর :**

| | | |
|---|---|---|
| সপ্তাহ | প্ত | প + ত |
| পরিচ্ছন্ন | চ্ছ | চ + ছ |
| চিহ্ন | হ্ন | হ + ন |

## শিক্ষক/ অভিভাবক কর্তৃক মূল্যায়ন — নির্দেশনা ছকের আলোকে শিক্ষার্থীর অগ্রগতি যাচাই

শিক্ষার্থীর শিখন/ পাঠ সম্পন্ন হওয়ার পর শিক্ষক/ অভিভাবকগণ নিচের **'পাঠোত্তর মূল্যায়ন ও নির্দেশনা ছক'** ব্যবহার করে মূল্যায়নের জন্য প্রযোজ্য স্থানে টিক চিহ্ন (✓) প্রদান করে অগ্রগতি যাচাই করবেন। কোনো শিখনযোগ্যতা/নির্দেশকের ক্ষেত্রে অগ্রগতি সন্তোষজনক না হলে তা পুনরায় অনুশীলনের উদ্যোগ নিতে হবে।

| মূল্যায়ন ক্ষেত্র | শিখনযোগ্যতা/ নির্দেশক | প্রারম্ভিক | ভালো | উত্তম |
|---|---|---|---|---|
| জ্ঞান | শব্দ শনাক্ত করতে পারে। | | | |
| | শুদ্ধভাবে বাক্য বলতে পারে। | | | |
| | পাঠ্যাংশ থেকে প্রশ্নের উত্তর দিতে পারে। | | | |
| | যুক্তবর্ণ ভেঙে ধ্বনি বলতে পারে। | | | |
| দক্ষতা | যুক্তবর্ণের ধ্বনি বলতে পেরেছে। | | | |
| | পাঠ্যাংশ পড়ে প্রশ্নের উত্তর দিতে পেরেছে। | | | |
| | যুক্তব্যঞ্জন বর্ণ ভেঙে লিখতে পেরেছে। | | | |
| | ছবি দেখে সংশ্লিষ্ট প্রশ্নের উত্তর দিতে পেরেছে। | | | |
| | গল্প শুনে প্রশ্নের উত্তর দিতে পেরেছে। | | | |
| মূল্যবোধ ও দৃষ্টিভঙ্গি | কাজগুলো আগ্রহের সাথে করেছে। | | | |

## ধারাবাহিক/ শ্রেণিকক্ষভিত্তিক মূল্যায়ন — নিজেকে মূল্যায়ন করি

তারিখ : ☐☐☐ ধারাবাহিক মূল্যায়ন সময় :..............

শিক্ষার্থীর নাম : .................................... শ্রেণি : .................................... রোল নম্বর : ☐

১। নিচের শব্দগুলোর অর্থ লেখ।

মদিনা, হামলা, পরিখা।

২। বিরামচিহ্ন বসিয়ে অনুচ্ছেদটি পুনরায় লেখ।

বহু দিন আগের কথা ☐
সবাই বলল ☐ আপনি কেন এ কাজ করবেন ☐
সবাই বুঝল ☐ একসাথে করলে কাজ সহজ হয় ☐

৩। নিচের প্রশ্নগুলোর উত্তর লেখ।

ক. মহানবি (স) তখন কোথায় থাকতেন?
খ. পরিখা কী?
গ. কয়জন করে দল গঠন করা হয়েছিল?

### উত্তরমালা

১ ▸ মদিনা– আরবের একটি শহর।
হামলা– আক্রমণ।
পরিখা– চারদিকে খোঁড়া গর্ত।

২ ▸ বহু দিন আগের কথা [।]
সবাই বলল [,] আপনি কেন এ কাজ করবেন [?]
সবাই বুঝল [,] একসাথে করলে কাজ সহজ হয় [।]

৩ ▸ ক. মহানবি (স) তখন মদিনায় থাকতেন।
খ. চারদিকে খোঁড়া গর্ত।
গ. দশজন করে দল গঠন করা হয়েছিল।

মূল্যায়ন রিপোর্ট ▶ প্রাপ্ত নম্বর ☐ শিখনের অর্জিত মাত্রা ☐